

চতুর্থ দার্স

الدرس الرابع

তাওহীদুল আসমা অসসিফাতঃ

توحيد الأسماء والصفات

আল্লাহর গুণের আরো উদাহরণ হলো, মহান আল্লাহ বলেন,

﴿ وَقَالَتِ الْيَهُودُ يَدُ اللَّهِ مَغْلُولَةٌ غُلَّتْ أَيْدِيهِمْ وَلُعِنُوا بِمَا قَالُوا بَلْ يَدَاهُ مَبْسُوطَتَانِ يُنفِقُ

كَيْفَ يَشَاءُ ﴿ [المائدة: ٦٤]

“ইয়াহুদীরা বলে, আল্লাহর হস্তদ্বয় বাঁধা রয়েছে। বাঁধা হয়েছে তাদেরই হাত এবং তাদের এই সব প্রলাপোক্তির কারণে তাদের উপর অভিশাপ বর্ষিত হয়েছে। আল্লাহর হস্তদ্বয় তো উদার উন্মুক্ত, তিনি যেভাবেই ইচ্ছা ব্যয় করেন।” (সূরা মায়দাঃ ৬৪) এ আয়াতের মধ্যে আল্লাহ নিজের দু’টি উন্মুক্ত ও উদার হস্তের কথা বর্ণনা করেছেন। তাই আমাদের দৃঢ় বিশ্বাস রাখতে হবে যে, আল্লাহর দু’টি হাত আছে, যা দান ও অনুগ্রহের জন্য প্রসারিত, উন্মুক্ত ও উদার। কিন্তু আল্লাহর পবিত্র হস্তদ্বয়ের ধরণ বা প্রকৃতি নিয়ে অন্তরে কোন কল্পনা না করা, মুখেও তা প্রকাশ বা ব্যক্ত না করা, অনুরূপ সৃষ্টির হাতের সাথে কোন প্রকার সাদৃশ্য বা তুলনা না করা আমাদের উপর ওয়াজিব। কারণ মহান আল্লাহ বলেন,

﴿ لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ وَهُوَ السَّمِيعُ الْبَصِيرُ ﴾ [الشورى: ١١].

“বিশ্বলোকের কোন জিনিসই তাঁর অনুরূপ নয়। তিনি সবকিছু শুনেন ও দেখেন।” (সূরা শূরা ১১)

এই তাওহীদের সার কথা হচ্ছে, আল্লাহ নিজের যে সমস্ত নাম ও গুণাবলীর কথা উল্লেখ করেছেন বা তাঁর রাসূল যে সব নাম ও গুণাবলীর কথা উল্লেখ করেছেন, কোন ধরনের বিকৃতি, সাদৃশ্য, ধরণ-গঠন নির্ণয় না করে, বা অস্বীকৃতির পন্থা অবলম্বন না করে প্রকৃতার্থে তা মেনে নেওয়া। আর যার স্বীকৃতি ও অস্বীকৃতি কোন কিছুই সাব্যস্ত নয়, সে ব্যাপারে নীরবতা অবলম্বন করা। তার স্বীকৃতি দেওয়া যাবে না, আবার অস্বীকার করাও যাবে না।